

১৪ই ডিসেম্বর, ২০২১

সংবাদ বিজ্ঞপ্তি

শহীদ বুদ্ধিজীবী দিবসে শহীদদের প্রতি বিনম্র শ্রদ্ধা ও
বিচারবর্হিভূত সকল ধরনের নির্যাতন ও হত্যাকাণ্ডের অভিযোগ যথাযথভাবে তদন্ত ও বিচারের দাবী জানাচ্ছে ব্লাস্ট

আজ ১৪ই ডিসেম্বর, শহীদ বুদ্ধিজীবী দিবস। এই ভয়াবহ দিবসের ৫০তম বছরে শহীদদের প্রতি বিনম্র শ্রদ্ধা ও সম্মান জানাচ্ছে বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট)।

স্বাধীনতা যুদ্ধে শহীদদের জীবনের বিনিময়ে অর্জিত বাংলাদেশ সংবিধানে প্রত্যেক ব্যক্তিকে নির্যাতন থেকে মুক্ত থাকার এবং ন্যায়বিচার পাওয়ার অধিকারের নিশ্চয়তা প্রদান করা হয়েছে। ব্লাস্ট প্রত্যাশা করে, যে চেতনা ও আদর্শে শহীদ বুদ্ধিজীবীগণ তাদের জীবন উৎসর্গ করেছেন সে চেতনা ও আদর্শকে সমুল্লত রাখতে রাষ্ট্রের সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সকল ধরনের নির্যাতন ও বিচারবর্হিভূত হত্যাকাণ্ডের অভিযোগ যথাযথভাবে তদন্ত ও বিচার সম্পন্ন করবে।

ব্লাস্ট স্বাধীনতার ৫০তম বছরে শহীদ বুদ্ধিজীবীর স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে নতুন প্রজন্মের নিকট তাঁদের আদর্শ ও চেতনা সঞ্চারিত করা এবং ন্যায়বিচারের ধারণাকে প্রসারের উদ্দেশ্যে তরুণ আইনজীবীদের ফেলোশীপ প্রদানের ঘোষণা করছে।

বার্তা প্রেরক

কমিউনিকেশন বিভাগ

ই-মেইল: communication@blast.org.bd